২৭/১০/২০০১

প্রথম আলো

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

বিশ্ববিদ্যালয়গুলোর প্রশাসনে অচলাবস্থা চলছে

বোরহানুল হক সম্রাট

গত ১ অক্টোবরের জাতীয় নির্বাচনে ক্ষমতার পালাবদলের পর স্বায়ত্তশাসনে পরিচালিত দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর প্রশাসনিক কাজকর্ম স্থবির হয়ে পড়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী, ইসলামী, জাহাঙ্গীরনগর ও কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ মামুলি রুটিনওয়ার্কের বেশি কোন গুরুত্বপূর্ণ কাজ বা সিদ্ধান্ত প্রদানের কাজ করছেন না। এই কজন উপাচার্যকে 'আওয়ামীপন্থী' অভিহিত করে ছাত্র-শিক্ষকদের বর্তমান প্রভাবশালী গ্রুপগুলো চাপ সৃষ্টি করায় এ অবস্থা তৈরি হয়েছে।

যারা বর্তমান উপাচার্য, প্রক্টর প্রমুখদের রাজনৈতিক পরিচিতি দিয়ে 'আওয়ামীপন্থী' বলছেন তারা নিজেরাও 'বিএনপি-জামায়াতপন্থী' বলেই পরিচিত।

লক্ষ করা যায়, বিগত মেয়াদে আওয়ামী

এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

বিশ্ববিদ্যালয়গুলোতে

প্রথম পৃষ্ঠার পর

লীগ ক্ষমতায় থাকার সময় সিনেট-সিন্ডিকেটের মাধ্যমে নির্বাচিত হওয়ার প্রক্রিয়ায়ও সরকারি সমর্থনেই আওয়ামী লীগ সমর্থক শিক্ষক উপাচার্য পদে নির্বাচিত হন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী তার পদে যোগদানের অব্যবহিত পূর্বে আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ছিলেন। গত ৫ বছর আওয়ামী লীগ সমর্থক শিক্ষকরা উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, প্রক্টর এবং হল প্রভোস্টের পদগুলোতে মনোনীত হন।

একইভাবে এর আগের মেয়াদে বিএনপি ক্ষমতায় থাকতে উপাচার্য হয়েছিলেন জিয়া পরিষদের সদস্য প্রফেসর এমাজউদ্দিন আহমেদ। অন্যান্য পদও বিএনপি সমর্থকরাই তখন মনোনীত হয়েছেন।

সংসদ নির্বাচনে বিএনপি ক্ষমতাসীন হওয়ায় বিশ্ববিদ্যালয়গুলোর বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষক গ্রুপ গত পাঁচ বছরের প্রশাসনের বিরুদ্ধে আন্দোলন শুরু করে। এরপর থেকেই বেকায়দায় পড়েছেন বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্য থেকে শুরু করে উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, প্রক্টর এবং হল প্রভোস্টরা।

গত ২ অক্টোবর সকালে কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জামায়রুল ইসলাম সপরিবারে ক্যাম্পাস ছেড়ে ময়মনসিংহ শহরে চলে যান। একই দিন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, প্রভোস্টসহ ছয়জন ঊর্ধ্বতন কর্মকর্তা পদত্যাগ করেন। উপাচার্য সেই থেকে আর ক্যাম্পাস এবং তার বিশ্ববিদ্যালয় দপ্তরে যান না। শহরে থেকেই তিনি দাপ্তরিক কাজ করছেন। নির্ভরযোগ্য সূত্র জানায়, কৃষি বিশ্ববিদ্যালয়ে বর্তমানে প্রশাসন একদম অচল পড়েছে। জবাবদিহিতা না থাকায় কর্মকর্তা-কর্মচারীই অফিস করছেন না।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শাসকদলের ফ্রন্ট ছাত্রদল গত ৬ অক্টোবর এক সমাবেশে ১০ দিনের মধ্যে উপাচার্য

আরো ১৯ ডেপুটিকে বদলি আদেশ

এরপর পৃষ্ঠা ২ কলাম ৮

মনোনয়ন নিয়ে ক্ষোভ পুলিশ-বিএনপি কর্মী সংঘর্ষে আহতের দাবি

মানিকগঞ্জ প্রতিনিধি

মানিকগঞ্জের আরিচায় গতকাল শুক্রবার বিকেলে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধকালে পুলিশের সঙ্গে স্থানীয় বিএনপি যুবদল ও ছাত্রদলের নেতা-কর্মীদের সংঘর্ষে পুলিশসহ প্রায় ৫০ জন আহত হয়েছে। আহতদের অনেকে বিভিন্ন হাসপাতালে ও ক্লিনিকে চিকিৎসা নিচ্ছে।

সাংবাদিকদের উপস্থিতিতে (নিজ নিজ ইনিয়াম্পুর) চারদলীয় জোট প্রার্থী আতাউর রহমান রনির স্বপক্ষে মানববন্ধন বাতিলের দাবিতে পৌরবাসীর একটি অংশকে স্থানীয় বিএনপি ও এর অঙ্গসংগঠনের একাংশের নেতা-কর্মীরা গতকাল দুপুর ২টার আরিচার কাছে চারা-আরিচা মহাসড়ক অবরোধ করে। এ সময় রাস্তার উভয় পাশে কয়েকশ যানবাহন আটকা পড়ে।

আধা ঘণ্টা পরে পুলিশের অনুরোধে অবরোধকারীরা সড়কের এক পাশের অবরোধ তুলে নেয়। বিকেল ৩টার দিকে অবরোধ তুলে নেয়। অন্যপাশের অবরোধকারীরা সন্ধ্যা ৭টার দিকে সড়ক থেকে সরে যায়। এ সময় বিক্ষুব্ধ পথচারী ও যাত্রীরা পুলিশ ও বিএনপি-যুবদল কর্মীদের ইটপাটকেল ছোড়ে। এতে পুলিশ ও বিএনপি-যুবদল কর্মীসহ অন্তত ৫০ জন আহত হয়। আহতদের অনেকে চারা-আরিচা হাসপাতালে ও ক্লিনিকে চিকিৎসা নিচ্ছে।